




মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

ভর্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

- ১। কলেজ/সমমানের প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট শিফট/ভার্সন/গ্রুপ এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ইন্টারনেটের মাধ্যমে ভর্তি ওয়েবসাইট (www.xiclassadmission.gov.bd) থেকে শিক্ষা বোর্ড প্রদত্ত User ID ও Password ব্যবহার করে ডাউনলোড করতে পারবে।
- ২। যেসব নির্বাচিত শিক্ষার্থী বোর্ডের রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা জমা দেয়নি- তাদেরকে প্রথমে টেলিটক/রকেট/শিওরক্যাশ-এর মাধ্যমে ১৮৫/- টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করতে হবে। অতঃপর শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে। উল্লেখ্য যে ১৮৫/- টাকা জমা ব্যতিরেকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করা যাবে না।
- ৩। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীর নিকট থেকে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা গ্রহণ করতে পারবে না। তবে শিক্ষার্থী প্রতি রেড ক্রিসেন্ট ফি বাবদ ১২/- টাকা গ্রহণ করবে।
- ৪। শিক্ষার্থীগণ ভর্তি নীতিমালায় উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের ফি এবং মূল/শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র প্রদানপূর্বক ভর্তি হবে। উল্লেখ্য যেসব শিক্ষার্থী ডাউনলোডকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিবে- তাদেরকে পরবর্তীতে মূল ট্রান্সক্রিপ্ট প্রাপ্তির পর সোটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে জমা দিতে হবে।
- ৫। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ভর্তির নীতিমালায় উল্লেখিত ভর্তি ও অন্যান্য ফি এর অতিরিক্ত ফি আদায় করতে পারবে না। কোন শিক্ষা প্রতিষ্ঠান এর ব্যত্যয় ঘটালে- তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। সরকারি প্রতিষ্ঠানসমূহ মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী ফি আদায় করবে।
- ৭। বিভিন্ন কোটায় নির্বাচিত শিক্ষার্থীগণ ভর্তির সময় সংশ্লিষ্ট কোটার অনুকূলে প্রামাণ্য কাগজপত্র শিক্ষা প্রতিষ্ঠানে দাখিল করবে। যেসব শিক্ষার্থী কোটার উপযুক্ত কাগজপত্র দাখিল করতে পারবে না- তারা ভর্তির জন্য বিবেচিত হবে না।
- ৮। শুধুমাত্র যেসকল শিক্ষার্থী ১৮৫/- টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করবে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ভর্তি ওয়েবসাইটে (www.xiclassadmission.gov.bd) সফটওয়্যার ইন্টারফেসের মাধ্যমে তাদের নাম, রোল, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড ও পাশের সন নিশ্চিত হয়ে অন-লাইনে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করবে।
- ৯। রেজিস্ট্রেশন ফি ১৮৫/- টাকা প্রদান করে প্রাথমিক নিশ্চায়নকৃত শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ২০-০৬-২০১৭ থেকে ২২-০৬-২০১৭, ২৮-০৬-২০১৭ থেকে ২৯-০৬-২০১৭ (সরকারি ছুটি না থাকলে) এবং ০২-০৭-২০১৭ থেকে ০৪-০৭-২০১৭ তারিখ পর্যন্ত ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করা যাবে।
- ১০। বিশেষভাবে উল্লেখ্য যে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ক্লাস ১ জুলাই ২০১৭ তারিখ থেকে শুরু হবে।
- ১১। যেসব শিক্ষার্থী অন্যান্য কোন প্রতিষ্ঠানে নির্বাচিত হতে পারেনি- তাদেরকে পরবর্তীতে বিভিন্ন প্রতিষ্ঠানে আসন খালি থাকার সাপেক্ষে অন-লাইনে ভর্তির ব্যবস্থা করা হবে।


(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।